



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৬৩৮

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে সুমাইয়া আফরিন এবং তার মায়ের রূহ-এর মাগফিরাত কামনায় দোয়া

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের মেধাবী শিক্ষার্থী সুমাইয়া আফরিন ও তার মায়ের রূহ এর মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ (১১ সেপ্টেম্বর) বৃহস্পতিবার বেলা ১.৩০ ঘটিকায় কলা ও মানবিক বিজ্ঞান অনুষদের হল রুমে লোক প্রশাসন এসোসিয়েশন ও লোক প্রশাসন বিভাগের যৌথ উদ্যোগে এ মাহফিলের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম, বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোসাঃ শামসুন্নাহারসহ সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।

মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয় নয়, দেশ একজন মেধাবীকে হারিয়েছে। আমি সুমাইয়া ও তার মায়ের রূহের মাগফিরাত কামনা করছি। তিনি আরও বলেন, একজন নাগরিক হিসেবে বেঁচে থাকার যে অধিকার তা সমাজ-রাষ্ট্র ব্যবস্থায় অস্তিত্ব নেই। একইসঙ্গে দেশের জাতি হিসেবে সামাজিক যে বিশৃঙ্খলা, ন্যায় বিচারের যে অভাব, নীতিনৈতিকতার যে অভাব, তা আমাদেরকে কষ্ট দেয়। এ থেকে পরিত্রাণ পেতে আমাদের সুন্দর জীবন গঠন করে নীতিনৈতিকতা, সততা আর আদর্শধারণ করার মাধ্যমে দেশের জন্য নিজেকে নিয়োজিত করতে, সমাজের অসংগতিগুলো দূর করতে হবে। আমরা সবাই কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিবার, আমরা সবাই একসাথে আছি এবং থাকবো।

প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম বলেন, সুমাইয়া এবং তার মা নিহত হওয়ার খবর শোনা মাত্র প্রক্টর হিসেবে আমি সেখানে ছুটে যাই। সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত আমি সেখানে অবস্থান করেছি। পুলিশ প্রশাসনের সাথে কথা বলেছি, ২৪ ঘন্টার মধ্যে খুনীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলত শাস্তির দাবী জানিয়েছি। তিনি আরও বলেন, খুনীদের বিচার না হওয়া পর্যন্ত কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিবার সুমাইয়া আফরিন ও তার মায়ের পরিবারের পাশে থাকবে এবং সবধরনের সহযোগিতা করবে।

উল্লেখ্য, গত ৭ সেপ্টেম্বর লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী সুমাইয়া আফরিন এবং তার মা দুর্ভাগ্যের হাতে নিহত হন।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি